

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষার মধ্যে ছাত্র সংসদ নির্বাচন নিয়ে উৎকণ্ঠা বাড়ছে

সানাউল্লাহ মাহী, জ্বাৰি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ১৭ থেকে ২৯ ডিসেম্বর শুরু হতে যাওয়া ২০১৩-১৪ শিক্ষাবর্ষের স্নাতক সন্থান ভর্তি পরীক্ষা শেষ হতে না হতেই ২ জানুয়ারি অনুষ্ঠিত হতে যাওয়া ছাত্র সংসদ (জাকসু) নির্বাচন নিয়ে শুরু হয়েছে নতুন উৎকণ্ঠা।

গত বুধবার নির্বাচন কমিশন নতুন এ নির্বাচনের তারিখ ঘোষণার পর বিভিন্ন রাজনৈতিক, সাংস্কৃতিক ও সামাজিক সংগঠনগুলো ইতোমধ্যে এর বিরোধিতা শুরু করেছেন। এর আগে ৫ ডিসেম্বর নির্বাচন হওয়ার কথা থাকলেও তফসিল ঘোষণার দিন নির্বাচন কমিশন ২ জানুয়ারি নির্বাচনের কথা জানান।

এদিকে ১৭ থেকে ২৯ ডিসেম্বর ভর্তি পরীক্ষার মধ্যেই নির্বাচনের প্রকৃত প্রচার-প্রচারণায় সমস্যা। ছাত্র সংসদ নির্বাচন করা ও নির্বাচিত হওয়া একাধিক সাবেক শিক্ষার্থীর সঙ্গে কথা বলে জানা গেছে, নির্বাচন শুরু হওয়ার ১ মাস আগ থেকে ক্যাম্পাস জায়ে প্রচার-প্রচারণায় মুখর। এ সময় হঠাৎলোকে কোন ধরনের অবৈধ শিক্ষার্থীরা খাণ্ডেতে পারে না। অথচ ভর্তি পরীক্ষার সময় ভর্তিচ্ছু বিপুল পরিমাণ শিক্ষার্থী হলে অবস্থান করতেন। সে হিসেবে কমপক্ষে ১৬ থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত হঠাৎলো জাকবে ভর্তিচ্ছু

শিক্ষার্থীদের দ্বারা কানায় কানায় ভরা। ফলে এ সময় নির্বাচনী প্রচার-প্রচারণা করা হবে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য নিয়মিত বিতরণের কারণ। এ সময় ক্যাম্পাসে সব ধরনের ক্লাস, পরীক্ষা, বই-খাপার কারণে ক্যাম্পাসও হবে সাধারণ শিক্ষার্থী পূর্ণ।

অন্যদিকে এমফিলডের শিক্ষার্থীদেরও নির্বাচনে প্রার্থী হওয়ার সুযোগ দেয়া হবে এমন ওজনে উৎকণ্ঠা প্রকাশ করেছেন রাজনৈতিক, সাংস্কৃতিক ও সামাজিক সংগঠনগুলো।

ছাত্র ইউনিয়নের সভাপতি হাফিজুল ইসলাম ছিন্নাছ 'ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক ধীমান মল্লিক সংবাদকে বলেন, ছাত্র সংসদ নির্বাচন ছাত্রদের অধিকার। এতে নিয়মিত ছাত্রগাই অংশগ্রহণ করবে। এতে এমফিলডের ছাত্রদের মুক্ত করা হলে আমরা শক্তহাতে প্রতিদ্বন্দ্বিতা করব। সার্বিক বিষয়ে সাংস্কৃতিক ফ্রন্টের সভাপতি কলি মাহবুব বলেন, 'ছাত্র সংসদ নির্বাচনের আগে উপযুক্ত পরিবেশ নিশ্চিত করা হোক। হলে হলে আয়োজনের মতন ও সভাপতিদের নির্বাচনে অংশগ্রহণের বিষয়ে এখনও প্রশাসন সুস্পষ্ট ব্যাঙ্গা দিতে পারেনি। এমতাবস্থায় ভর্তি পরীক্ষার মধ্যে নতুন করে নির্বাচনের তারিখ ঘোষণা হাস্যকর। সার্বিক পরিস্থিতি বিবেচনা করে নির্বাচনের তারিখ পুনর্নির্ধারণের দাবি জানান তিনি।